

# বাংলাদেশের প্রধানমন্ত্রীর ভারতবর্ষে রাষ্ট্রীয় সফর (21-22 জুন, 2024)

জুন 20, 2024

২১-২২ জুন ২০২৪ তারিখে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর আমন্ত্রণে বাংলাদেশের প্রধানমন্ত্রী মাননীয় শেখ হাসিনা রাষ্ট্রীয় সফরে ভারতে আসবেন। ১৮তম লোকসভা নির্বাচনের পর ভারতে সরকার গঠনের পর এটি তাঁর প্রথম দ্বিপাক্ষিক রাষ্ট্রীয় সফর হতে চলেছে।

২. এই সফরের সময়, দ্বিপাক্ষিক আলোচনা ছাড়াও, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভারতের রাষ্ট্রপতি শ্রীমতি দ্রৌপদী মুর্মু এবং উপরাষ্ট্রপতি শ্রী জগদীপ ধনখড়ের সঙ্গেও সাক্ষাৎ করবেন। পররাষ্ট্র মন্ত্রী (EAM) বাংলাদেশের প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করবেন।

৩. প্রধানমন্ত্রী শেখ হাসিনা ০৯ জুন ২০২৪ তারিখে প্রধানমন্ত্রী এবং কেন্দ্রীয় মন্ত্রিপরিষদের শপথ গ্রহণ অনুষ্ঠানে অন্যান্য আন্তর্জাতিক নেতাদের সঙ্গে উপস্থিত ছিলেন।

নতুন দিল্লি

জুন 20, 2024